ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# তৈরি পোশাক খাতে সুশাসন: প্রতিশ্রুতি ও অগ্রগতি

## টিআইবি কর্তৃক অক্টোবর ২০১৩ সালে প্রকাশিত “তৈরি পোশাক খাত: সুশাসনের সমস্যা ও উত্তরণের উপায়” শীর্ষক গবেষণা প্রতিবেদনের ফলোআপ

২১ এপ্রিল, ২০১৪

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- রানা প্লাজা দুর্ঘটনা বাংলাদেশে তৈরি পোশাক খাতে সুশাসন ঘাটতি ও দুর্নীতির দৃশ্যমান উদাহরণ। এ ঘটনা পরবর্তী তৈরী পোশাক খাতে সুশাসন প্রতিষ্ঠায় দেশি ও বিদেশি বিভিন্ন পর্যায় হতে জোরালো চাপ সৃষ্টি হয়
- টিআইবি (অক্টোবর ২০১৩) কর্তৃক তৈরি পোশাক খাত সংশ্লিষ্ট গবেষণায় দেখা যায় সরকারের বিভিন্ন সংস্থা ও অন্যান্য অংশীজনের মধ্যে সমন্বয়হীনতা, দায়িত্বে অবহেলা, রাজনৈতিক প্রভাব, পারস্পরিক যোগ-সাজশে বিভিন্ন অনিয়ম-দুর্নীতি এ খাতে দুর্ঘটনা ও কমপ্লায়েন্স ঘাটতির অন্যতম কারণ
- উপরোক্ত গবেষণায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ২৫ দফা সুপারিশ প্রদান করা হয়
- বিগত এক বছরে বিভিন্ন অংশীজন কর্তৃক দেশি-বিদেশী বিভিন্ন পর্যায়ে এ খাতের উন্নয়ন, শ্রমিক নিরাপত্তা ও অধিকার নিশ্চিতকরণে সুশাসনের অন্তরায় দুরকরণে গৃহীত উদ্যোগ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য টিআইবি এ ফলোআপ গবেষণা পরিচালনা করেছে

# গবেষণা উদ্দেশ্য, পদ্ধতি ও তথ্য উৎস

**পূর্ববর্তী গবেষণার প্রধান উদ্দেশ্য ছিল-**

তৈরি পোশাক খাতে বিদ্যমান সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিত করা এবং তা থেকে উত্তরণের জন্যে সুপারিশ প্রণয়ন করা

**বর্তমান গবেষণার প্রধান উদ্দেশ্য**

বিগত এক বছরে (এপ্রিল, ২০১৩ হতে এপ্রিল, ২০১৪) তৈরি পোশাক খাতে সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত পদক্ষেপসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা

**সুনির্দিষ্ট উদ্দেশ্য**

- সরকার কর্তৃক গৃহীত (আইনি, নীতি সংক্রান্ত ও প্রশাসনিক) পদক্ষেপসমূহ পর্যালোচনা
- অন্যান্য অংশীজন কর্তৃক কারখানা নিরাপত্তা ও শ্রমিক অধিকার নিশ্চিতকরণে সুশাসনের অন্তরায় দূরীকরণে জাতীয় ও আন্তর্জাতিক পদক্ষেপ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

**গবেষণা পদ্ধতি:** গুণগত গবেষণা পদ্ধতি অনুসরণ করা হয়েছে


**তথ্যের উৎস:** প্রত্যক্ষ ও পরোক্ষ উভয় উৎস হতে তথ্য সংগ্রহ করা হয়েছে

# তৈরি পোশাক খাতে জড়িত অংশীজন

- সরকার ও সরকারী সংস্থা
  - কলকারখানা পরিদর্শন অধিদপ্তর
  - ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
  - রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
  - শ্রম পরিদপ্তর
  - স্থানীয় সরকার
- কারখানা মালিক
- শ্রমিক
- মালিক সংগঠন (বিজিএমইএ)
- শ্রমিক সংগঠন
- বায়ার (আর্ন্তজাতিক ব্র্যান্ড ও ক্রেতা প্রতিষ্ঠান)

# অংশীজন কর্তৃক গৃহীত পদক্ষেপের সার্বিক অগ্রগতি

- গবেষণাভুক্ত ৬৩টি বিষয়ের মধ্যে বিভিন্ন অংশীজন কর্তৃক ৯টি বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি
- গবেষণায় দেখা যায় বাকী ৫৪টি বিষয়ে বিভিন্ন অংশীজন কর্তৃক বৃহৎ দৃষ্টিতে ১০২টি উদ্যোগ গ্রহন করা হয়েছে (বিস্তারিতঃ সংযুক্তি-১)
- উক্ত ১০২টি উদ্যোগের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করলে দেখা যায়-




বিগত এক বছরের কার্যক্রমের অগ্রগতি

# সরকার কর্তৃক গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

- বাংলাদেশ শ্রম আইন সংশোধন
- ন্যূনতম মজুরি বোর্ড কর্তৃক তৈরি পোশাক খাতে মজুরি বৃদ্ধি
- পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ জাতীয় নীতি ২০১৩ প্রণয়ন
- অগ্নি ও কাঠামোগত সংহতি জাতীয় ত্রিপক্ষিয় কর্ম পরিকল্পনা (এনটিপিএ) গ্রহণ
- সাসটেইনইবিলিটি কম্প্যাকট স্বাক্ষর
- উচ্চ ক্ষমতা সম্পন্ন মন্ত্রি পরিষদ কমিটি এবং তিন সদস্য বিশিষ্ট্য সচিব কমিটি গঠন
- খাত সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালা পর্যালোচনার জন্য টাস্কফোর্স গঠন
- তৈরি পোশাক খাতে অগ্নি ও ভবন নিরাপত্তা সংক্রান্ত টাস্কফোর্স গঠন
- অগ্নি, বৈদ্যুতিক ও কাঠামোগত নিরাপত্তা পরিদর্শনে জন্য অভিন্ন চেকলিস্ট প্রণয়ন
- শ্রম বিধিমালা এবং সাব-কন্ট্রাক্ট কারখানার জন্য গাইড লাইন প্রণয়নাধীন
- ইউনিয়ন পরিষদকে ভবন নির্মাণ অনুমোদন না প্রদানের জন্য পরিপত্র জারি
- শ্রম আদালতে শ্রমিকদের আইনগত সহায়তা প্রদানের জন্য সেল গঠন
- মুন্সিগঞ্জে একটি পোশাক শিল্প পল্লি স্থাপনের কাজ প্রক্রিয়াধীন
- মন্ত্রি পরিষদ কমিটি কর্তৃক কারখানা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদান
- শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে কোনো কারখানা মালিক এমপি'কে সদস্য না রাখা

# অংশীজন কর্তৃক গৃহীত উল্লেখ্যযোগ্য কার্যক্রম

## কলকারখানা অধিদপ্তর

- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে রুপান্তর
- কেন্দ্রিয় অফিস হতে বিভিন্ন অঞ্চলিক  অফিসে ক্ষমতা ও কর্তৃত্ব বিকেন্দ্রিকরণ
- পোশাক অধ্যুষিত ঢাকা অঞ্চলে ৫টি নতুন অফিস স্থাপন
- কারখানা পরিদর্শন নীতিমালা প্রণয়ন এবং পরিদর্শন চেক লিস্টের ভিত্তিতে কারখানার গ্রেডিং প্রদান
- অধিদপ্তর  নিজস্ব ওয়েব সাইট উম্মুক্তকরণ এবং কারখানার সংক্রান্ত প্রকাশ্য তথ্য ভান্ডার গঠন
- কারখানা নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণের ব্যবস্থা

## ফায়ার সার্ভিস অধিদপ্তর

- পোশাক কারখানা অধ্যুষিত ঢাকা অঞ্চলে ৯টি নতুন ফায়ার স্টেশন স্থাপনের সিদ্ধান্ত
- ২১৮ জন নতুন ওয়ার হাউস ইন্সপেক্টর নিয়োগের অনুমোদন
- স্বরাষ্ট্র ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের অধীনে উদ্ধার সরঞ্জাম ক্রয়ে ৩১২ কোটি টাকার প্রকল্প গ্রহণ
- তাজরিন ফ্যশনের দুর্ঘটনা পরবর্তী ১১০০ কারখানা পরিদর্শন (চলমান)
- অগ্নি নিরাপত্তা সনদ ও নিবন্ধনে ওয়ান স্টপ সেবা প্রদান

# অংশীজন কর্তৃক গৃহীত উল্লেখ্যযোগ্য কার্যক্রম

## রাজউক কর্তৃক গৃহীত

- রাজউক কার্যক্রম বিকেন্দ্রিকরণ- ৮টি জোনে বিভক্ত করে ২৪টি সাব-জোনে কার্যক্রম শুরু
- নকশা অনুমোদন ও তদারকি সংশ্লিষ্ট কাজে জনবল নিয়োগ- জনবল ও সক্ষমতা বৃদ্ধি করা
- রাজউক কর্তৃক মাত্র ৬৫০ টি কারখানা পরিদর্শন পূর্বক ১৫০টি কারখানা অধিকতর পরিদর্শনে বুয়েটে প্রেরণ

## স্থানীয় সরকার

- চারটি উন্নয়ন কর্তৃপক্ষের ভবন নির্মাণ অনুমোদন ক্ষমতা স্পষ্ট করে নির্দেশ জারি
- ইউনিয়ন পরিষদকে ভবন নির্মাণ অনুমোদন না প্রদানের জন্য পরিপত্র জারি
- ইউনিয়ন এলাকায় ভবন নির্মাণ অনুমোদনের জন্য উপজেলা পর্যায়ে প্রকৌশলীদের সমন্বয়ে ৭ সদস্য বিশিষ্ট্য কমিটি গঠন

## শ্রম পরিদপ্তর ও শ্রমিক সংগঠন

- ট্রেড ইউনিয়ন নিবন্ধন তুলনামূলক বৃদ্ধি (জানু’ ২০১৩ হতে ২৫ ফেব্রু’১৪ পর্যন্ত ১১২টি ট্রেড ইউনিয়নের নিবন্ধন)
- ট্রেড ইউনিয়ন নিবন্ধন, নবায়ন ও ইউনিয়নের বাৎসরিক প্রতিবেদন অনলাইনে গ্রহণ

# অংশীজন কর্তৃক গৃহীত উল্লেখ্যযোগ্য কার্যক্রম

*কারখানা মালিক*

- শ্রমিকের নিয়োগপত্র ও মজুরি রশিদ প্রদানের প্রচলন শুরু এবং মাসিক হাজিরার তথ্য ও বেতন সিট বিজিএমইতে নিয়মিত প্রদান
- মজুরি বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ৮০-৯০শতাংশ কারখানায়  মজুরি প্রদান
- অধিকাংশ কারখানায় নিয়মবহির্ভূত অতিরিক্ত কর্মঘন্টা কাজ না করানোর প্রচেষ্টা এবং অতিরিক্ত কর্মঘন্টার বেতন মাসিক বেতনের সাথে দেওয়া প্রচলন
- অধিকাংশ কারখানায় শ্রমিকের গ্রুপ বিমা সম্পন্ন করা

*মালিক সংগঠন (বিজিএমইএ)*

- সকল সদস্য কারখানার নিচতলা জেনারেটর স্থাপন, মৃত্তিকা পরীক্ষা প্রতিবেদন গ্রহণ , শ্রমিকের গ্রুপ বিমা করার এবং নূন্যতম মজুরি প্রদানে নির্দেশ প্রদান ও বাস্তবায়ন
- বিজিএমই  কর্তৃক একক আচরণ-বিধিমালা (**Uniform code of conduct**) গ্রহণ
- অগ্নি নিরাপত্তা ক্রাস কোর্স  চালু

*বায়ার*

- কারখানার অগ্নি, বৈদ্যুতিক ও ভবন নিরাপত্তা মূল্যায়নের জন্য অ্যালায়েন্স এবং অ্যাকর্ড নামে বায়ারদের দুটি জোট গঠন
- রানা প্লাজা ডোনার্স ট্রাস্ট ফান্ড গঠন

# বিদ্যমান চ্যালেঞ্জ

অংশীজন কর্তৃক বিভিন্ন উদ্যোগ বাস্তবায়নে ইতিবাচক পদক্ষেপ লক্ষ্য করা গেলেও কোনো কোনো ক্ষেত্রে বিাভন্ন চ্যালেঞ্জ বিদ্যমান-

## সরকার ও সরকারী সংস্থা

- জরিপ কাজে সরকারের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সম্পৃক্ততা না থাকা
- পোশাক পল্লি স্থাপনে স্থবিরতা সময় ক্ষেপন
- রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনের মামলায় দীর্ঘসূত্রতা
- তৈরি পোশাক খাত সংশ্লিষ্ট মামলা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি না হওয়া
- সরকার/এনজিও নিয়ুক্ত আইনজীবিদের মালিক পক্ষের সাথে যোগসাজসের অভিযোগ
- কলকারখানা অধিপ্তরের  কমপ্লায়েন্স বিষয়ক অভিযোগের জন্য হট-লাইন স্থাপন না করা
- নির্ধারিত সময়ে (৩১ সেপ্টেম্বর, ২০১৩) ২১৮ জন নতুন ওয়ার হাউস ইন্সপেক্টর নিয়োগ না হওয়া
- কারখানা অধ্যুষিত ঢাকা অঞ্চলে ৯টি নতুন ফায়ার স্টেশন স্থাপনে দীর্ঘসূত্রতা
- রাজউক কর্তৃক কারখানা ‘ব্যবহার সনদ’ নিশ্চিতকরণে শিথিলতা

# বিদ্যমান চ্যালেঞ্জ (চলমান)

## সরকার ও সরকারী সংস্থা (চলমান)

- রাজউকের বিসি কমিটিতে নাগরিক সমাজ, পরিবেশ আইনজীবি/ পরিকল্পনাবিদদের না রাখা এবং কমিটি গঠনের জিও না হওয়া
- ইমারত নির্মাণ অনুমোদনে উন্নয়ন কর্তৃপক্ষের বাহিরে কোনো কোনো পৌরসভায় প্রকৌশলী না থাকা
- ট্রেড ইউনিয়ন নিবন্ধনে ক্ষমতার অপব্যবহার ও আর্থিক দুর্নীতি
- ট্রেড ইউনিয়ন নিবন্ধনে বিশেষ কোনো গোষ্ঠীকে সুবিধা প্রদানের অভিযোগ
- সরকার প্রদত্ত ক্ষতিপূরণ এবং রানা প্লাজা ট্রাস্ট ফান্ড ক্ষতিপূরণ সমন্বিত ভাবে হবে, না আলাদা হবে এ বিষয়ে নির্দেশনা না থাকা
- রানা প্লাজায় দুর্ঘটনায় সরকার হতে ক্ষতিগ্রস্তদের অনুদান প্রদানে সচ্ছতার ঘাটতি

## শ্রমিক সংগঠন

- ‘ল্যাপটপ ট্রেড ইউনিয়ন’ ধরনের নতুন এক ধরনের ট্রেড ইউনিয়নের কার্যক্রম
- রানা প্লাজা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের বিভিন্ন সুবিধা, জমি, ফ্লাট কিংবা বিদেশে পাঠানোর প্রলোভন দেখিয়ে চাঁদা আদায় ও প্রতারণা

# বিদ্যমান চ্যালেঞ্জ (চলমান)

## *কারখানা মালিক*


- **উৎপাদন টার্গেট বৃদ্ধির ফলে শ্রমিকের স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টি**
- **রেমিডিয়েশন ফান্ড গ্রহণে অংশীদারি ভবনে অবস্থিত কারখানা মালিকদের অনিহা**
- **সংস্কার যুক্তিতে মালিক কর্তৃক আইনানুগ মজুরি প্রদান না করে শ্রমিক ছাঁটাই ও কারখানা বন্ধ**

## *মালিক সংগঠন (বিজিএমইএ)*

- **রাজনৈতিক প্রভাব বৃদ্ধি** (রপ্তানিমূল্যের ওপর দশমিক ২৫ শতাংশ হারে নগদ সহায়তা উৎস কর ০.৮ শতাংশ থেকে কমিয়ে ০.৩ শতাংশ নির্ধারণ এবং নতুন বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান ২ শতাংশ নগদ সহায়তা বাড়িয়ে ৩ শতাংশ করা)
- **শ্রমিকদের সমন্বিত তথ্য ভান্ডার গঠনের কার্যক্রম বন্ধ**
- **মৃত্তিকা প্রতিবেদন প্রকাশ না করা**

## বায়ার

- বায়ার কর্তৃক অর্ডার বাতিল এবং ফলশ্রুতিতে কারখানা বন্ধ
  - মালিক ও সমন্বয়কারী কর্তৃপক্ষকে অবহিত না করে ইন্টারনেটে প্রতিবেদন প্রকাশের ফলে কারখানা বন্ধ
  - জরিপের তথ্য ভুল/বিকৃত উপস্থাপনের মাধ্যমে কারখানা বন্ধ
  - কমপ্লায়েন্স বাস্তবায়নে বায়ার ফোরাম কর্তৃক অংশীদারি ভবনে অবস্থিত ১৩ টি কারখানা (১১৫০০ শ্রমিক) বন্ধের সুপারিশ এবং ৫৭টি কারখানায় অর্ডার বাতিল (অর্ডার মূল্য ১১০ মিলিয়ন ডলার)- বিজিএমইএ মতে এ ভবন গুলো ঝুঁকিপূর্ণ নয়, কাজের জন্য নিরাপদ




★ বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুসারে

# বিদ্যমান চ্যালেঞ্জ (চলমান)

## *বায়ার (চলমান)*

- মালিক ও বায়ার ফোরামের মধ্যে সংস্কার কার্যে স্বার্থের দ্বন্দ্ব
  - অগ্নি নিরাপত্তার ক্ষেত্রে অ্যালায়েন্স ও অ্যাকর্ড কর্তৃক স্প্রিংকলার ও অগ্নি নিরোধ দরজা স্থাপন নিয়ে মালিক- বায়ার সমন্বিত উদ্যোগের অভাব
- জরিপ প্রতিবেদন প্রকাশে স্বচ্ছতার ঘাটতি/ জরিপের প্রতিবেদন সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রদানে বাধ্যবাধকতা না থাকা
  - অ্যাকর্ড কর্তৃক নির্ধারিত সময়ের (সর্বোচ্চ ছয় সপ্তাহের) মধ্যে রিপোর্ট প্রকাশ না করা
  - অ্যালায়েন্স কর্তৃক সকল রিপোর্ট প্রকাশে বাধ্যবাধকতা না থাকা
- কোনো কোনা ক্ষেত্রে প্রতিযোগি দেশের ইঞ্জিনিয়ার ও কমপ্লায়েন্স কর্মকর্তা কর্তৃক জরিপ পরিচালনায় স্বার্থের দ্বন্দ্বের ঝুঁকি
- নির্ধারিত সময়ে জরিপ কাজ সম্পন্ন না হওয়ার ঝুঁকি (অ্যাকর্ড কর্তৃক ১৬২৬ টি মধ্যে ৮০ টি, অ্যালায়েন্স কর্তৃক ৬২৬টি মধ্যে ২৪৭টি এবং বুয়েট কতৃক প্রায় ২০০০ মধ্যে ২৪৭টি কারখানার জরিপ সম্পন্ন)

# বিভিন্ন অঙ্গীকার ও উদ্যোগ বাস্তবায়ন কর্তৃপক্ষ



# সার্বিক পর্যবেক্ষণ

- রানা প্লাজা পরবর্তী তৈরি পোশাক খাতে সুশাসন প্রতিষ্ঠায় সরকার ও অংশীজনের ইতিবাচক উদ্যোগ লক্ষণীয়
- বিভিন্ন অংশীজনের গৃহীত উদ্যোগ বাস্তবায়ন পর্যায়ে সমন্বয়হীনতা
- জরিপ কাজে সরকারের সংশ্লিষ্ট তদারকি প্রতিষ্ঠানগুলোর সম্পৃক্ততা না থাকা
- সরকার ও বায়ার ফোরামের মধ্যে সমন্বিত দীর্ঘমেয়াদি পরিকল্পনার অভাব
- শ্রমিক কল্যাণ তহবিল গঠনে বায়ার ফোরাম ও মালিক কর্তৃক কোন উদ্যোগ নেই
- তৈরি পোশাক খাত সংশ্লিষ্ট মামলায় দীর্ঘসূত্রতা,আদালতের নির্দেশ বাস্তবায়নে সময়ক্ষেপন এবং দৃষ্টান্তমূলক শাস্তির অনুপস্থিতি
- সরকার, বায়ার (প্রাইমার্ক ব্যতিত) ও মালিক কর্তৃক ক্ষতিপূরণ প্রদান না করা
- শ্রমিক ছাঁটাই, কারখানা বন্ধ ও অর্ডার বাতিলের ঝুঁকি সৃষ্টি
- রানা প্লাজা দুর্ঘটনা পরবর্তী দেখা যায় ২৮টি বায়ার জড়িত থাকলেও একটি বায়ার ছাড়া অন্যদের দায়িত্বশীলতা এড়িয়ে যাওয়া

# সুপারিশ

বিভিন্ন অংশীজন কর্তৃক যে সাড়া পাওয়া গিয়েছে তা বাংলাদেশের আর্থ-সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক বাস্তবতায় অত্যন্ত ইতিবাচক ও আশাব্যাঞ্জক । এই উদ্যোগ সমূহকে সফলভাবে বাস্তবায়ন ও সুশাসন নিশ্চিত করার জন্য টিআইবি নিম্নোক্ত সুপারিশ পেশ করছে-

১. অংশীজন কর্তৃক বিভিন্ন উদ্যোগের প্রায়োগিক বাস্তবায়ন সমন্বিতভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনে করতে হবে- এ জন্য সমন্বয় জোরদার করা

২. তৈরি পোশাক খাতে সুশাসন প্রতিষ্ঠায় উদ্যোগসমূহ কেন্দ্রিভূত তদারকি ও সমন্বয়ের জন্য 'তৈরি পোশাক খাত সুশাসন কর্তৃপক্ষ' গঠন করতে হবে এবং দীর্ঘ মেয়াদে পৃথক মন্ত্রণালয় গঠন করতে হবে

৩. পোশাক পল্লী স্থাপনের কাজ তরান্বিত করতে হবে। এ ক্ষেত্রে রেমিডিয়েশন ফান্ড অংশীদারি স্থাপনা সংস্কারে ব্যবহার না করে পোশাক পল্লীতে কারখানা স্থাপনে ব্যবহার করা যেতে পারে

৪. শ্রমিক কল্যাণ তহবিল গঠনের জন্য পোশাকের সংখ্যা প্রতি ১ থেকে ১.৫ সেন্ট প্রদানের (যেখানে বায়ার মালিক অনুপাত হতে পারে ৭৫:২৫) মাধ্যমে একটি ফাণ্ড গঠন করতে হবে

৫. বিজিএমইএ কর্তৃক ইউডি ছাড়পত্র প্রদানের ক্ষমতা সরকারী কর্তৃপক্ষের নিকট অর্পণ করতে হবে

# সুপারিশ (চলমান)

৬. সাব কন্ট্রাক্ট কারখানা এবং ক্ষুদ্র ও মাঝারি কারখানার কমপ্লায়েন্স নিশ্চিতে করতে বায়ারকে এবং কমপ্লায়েন্ট পরবর্তী টেকসইকরণে সরকারকে উদ্যোগ নিতে হবে

৭. কারখানায় বায়ার ও সরকার কর্তৃক বিভিন্ন সুবিধা প্রদানের পূর্বশর্ত স্বরূপ নিবন্ধিত ট্রেড ইউনিয়ন থাকা বাধ্যতামূলক করতে হবে এবং ট্রেড ইউনিয়ন নিবন্ধন স্বচ্ছ ও প্রভাবমুক্ত করতে হবে

৮. কমপ্লায়েন্স বাস্তবায়নের ক্ষেত্রে অর্ডার বাতিল, কারখানা বন্ধ এবং শ্রমিক ছাঁটাইয়ের যে ঝুঁকি সৃষ্টি হয়েছে তা নিরসনে, বায়ার, মালিক ও সরকারকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে

৯. বায়ার ফোরামের কার্যক্রম দীর্ঘ মেয়াদে কারখানার সাথে সম্পৃক্ত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে

----

# ধন্যবাদ

- ***সম্পন্ন বাস্তবায়িত উদ্যোগের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে*** - বাংলাদেশ শ্রম আইন সংশোধন; জাতীয় ত্রি-পক্ষীয় কর্মপরিকল্পনা (এনটিপিএ) প্রণয়ন, কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত জাতীয় নীতি, ২০১৩ প্রণয়ন, ন্যূনতম মজুরি বৃদ্ধি, কলকারখানা পরিদপ্তরকে অধিদপ্তর রুপান্তর, কারখানা ও ট্রেড ইউনিয়ন নিবন্ধন ও নবায়নের আবেদন অনলাইনে গ্রহন
- ***অগ্রগতি হয়েছে/চলমান উদ্যোগের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে*** - রাজউক কার্যক্রম বিকেন্দ্রিকরণ; শ্রম নীতিমালা; পরিদর্শন নীতিমালা; স্বাস্থ্য, নিরাপত্তা ঝুঁকি ও ট্রেড ইউনিয়নের কার্যক্রম বিষয়ক ‘হট লাইন’ স্থাপন
- ***কোন অগ্রগতি নেই উদ্যোগের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে*** - বেসরকারি প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিজিএমইএ এর সরকারি কর্তৃত্ব চর্চা; অপর্যাপ্ত ক্ষতিপূরন; দুদক কর্তৃক মালিক এবং সাভার পৌরসভা ও রাজউক এর সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত, পরিচয় পত্রে জরুরি যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর না থাকা বিষয়
- ***অংশীঅজন কর্তৃক কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি ৯টি বিষয়ে-*** পোশাক খাতের লীড মিনিস্ট্রি স্থাপন; ট্রেড ইউনিয়ন ও ফেডারেশনের কার্যাবলী সংক্রান্ত বিধিমালা; পোশাক খাতে শ্রমিক কল্যাণ তহবিল গঠন বিষয় উল্লেখযোগ্য।